

কুমিল্লায় পানিতে বসে এসএসসি পরীক্ষা

কেন্দ্র পরিদর্শন ও ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রধানমন্ত্রীর

কুমিল্লা প্রতিনিধি



কুমিল্লা নগরীর ঈশ্বর পাঠশালা উচ্চ বিদ্যালয় কেন্দ্র পরিদর্শন করছেন কুসিক প্রশাসক ইউসুফ মোল্লা টিপু ও কর্মকর্তাবৃন্দ। ছবি : কালের কণ্ঠ।

কুমিল্লা নগরীতে বৃষ্টির পানিতে বসে এসএসসি পরীক্ষা দেওয়া সেই কেন্দ্র পরিদর্শন ও ব্যবস্থা গ্রহণের জন্য কুমিল্লা সিটি করোপোরেশনের (কুসিক) প্রশাসকে নির্দেশ নিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

বুধবার (২৯ এপ্রিল) দুপুর সোয়া ১২টার দিকে কুমিল্লা সিটি করোপোরেশনের (কুসিক) প্রশাসক ইউসুফ মোল্লা টিপু কর্মকর্তাদের সঙ্গে নিয়ে নগরীর ঈশ্বর পাঠশালা উচ্চ বিদ্যালয় কেন্দ্রটি পরিদর্শন করেন।

পরিদর্শন শেষে ইউসুফ মোল্লা টিপুর কালের
কণ্ঠকে বলেন, ‘বুধবার সকাল ১০টায় প্রধানমন্ত্রী
তারেক রহমান আমাকে ফোন দিয়ে ঈশ্বর
পাঠশালা কেন্দ্রটির খোঁজখবর নেন। এক
পর্যায়ে তিনি নির্দেশ প্রদান করেন কেন্দ্রটি
পরিদর্শন করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য।

তা ছাড়া নগরীর অন্য পরীক্ষাকেন্দ্রগুলোর
প্রতিও একই নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী।
তিনি বলেছেন, কোনো পরীক্ষাকেন্দ্রে যেন পানি
না থাকে। সেই আলোকে আমরা ওই
পরীক্ষাকেন্দ্রসহ নগরীর বিভিন্ন পরীক্ষাকেন্দ্র
পরিদর্শন করেছি এবং জলাবদ্ধতার কারণ
শনাক্ত করে সন্ধ্যা পর্যন্ত কাজ করেছি।’

তিনি আরো বলেন, ‘গতকাল মঙ্গলবার সকাল
থেকে রাত মধ্যরাত পর্যন্ত সিটি কর্পোরেশনের
বিভিন্ন এলকায় জলাবদ্ধতা কারণ চিহ্নিত করে
কাজ করেছি।

এর ফলে সকাল হওয়ার আগেই পানি নেমে
গিয়েছে। আমরা স্থায়ীভাবে সমাধানের জন্য
ইতি মধ্যে পরিকল্পনা নিয়েছি।’ সেই লক্ষ্যে
আগামীতে কাজ করা হবে বলেও তিনি জানান।

এর আগে মঙ্গলবার সকাল ১০টা থেকে সোয়
১১টা পর্যন্ত মাত্র সোয়া এক ঘণ্টার বৃষ্টিতে
কুমিল্লা নগরীতে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে।

এতে ঈশ্বর পাঠশালা উচ্চ বিদ্যালয় কেন্দ্র বেঞ্চে
পা তুলে পরীক্ষা দিয়েছে এসএসসি পরীক্ষার্থীরা।
একই সময় হলে দায়িত্বরত শিক্ষককেও চেয়ারে
জুতা নিয়ে পা তুলে বসে থাকতে দেখা গেছে। এ
নিয়ে কালের কণ্ঠসহ বিভিন্ন গণমাধ্যমে সংবাদ
প্রকাশ করা হয়। পরে বিষয়টি প্রধানমন্ত্রী
তারেক রহমানের নজরে আসে।

কুমিল্লা আবহাওয়া কর্মকর্তা ছৈয়দ আরিফুর
রহমান বলেন, ‘গত ২৪ ঘণ্টায় কুমিল্লায় ১২৬
মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে।

কুমিল্লাজুড়ে আরো দুই দিন মাঝারি ও ভারি
বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে।’

